

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ৭১/২০১৭

তারিখ : ০৭/১২/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের প্রতি,

আমদানি ও রপ্তানি পণ্যবাহী কন্টেইনার ও যানবাহনে ইলেক্ট্রনিক সীল এর বিপরীতে ফিস পরিশোধ না করা প্রসঙ্গে

সকল সম্মানিত সদস্য/সদস্যাদের জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর হতে প্রাইভেট আইসিডি-তে আমদানি পণ্য এবং প্রাইভেট আইসিডি হতে চট্টগ্রাম বন্দরে রপ্তানি পণ্য স্থানান্তরের জন্য কন্টেইনার ও যানবাহনে ইলেক্ট্রনিক সীল ব্যবহার করার ব্যাপারে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এস.আর.ও জারী করা হয়েছে। আদেশ অনুযায়ী ইলেক্ট্রনিক সীল সেবার বিপরীতে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানটিকে ৪৮ ঘন্টার জন্য কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক প্রতি ৬০০ (ছয়শত) টাকা এবং ৪৮ ঘন্টা পরবর্তী প্রতি ঘন্টার জন্য ৫০ (পঞ্চাশ) টাকা হারে ফিস প্রদান করতে হবে।

এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য গত ০৪/১২/২০১৭খ্রিঃ তারিখে আখ্ৰাবাদস্থ ওয়ার্ল্ড ট্রেড সেন্টার এ অবস্থিত বঙ্গবন্ধু সম্মেলন কক্ষে বন্দর ব্যবহারকারীদের সংগঠন পোর্ট ইউজার্স ফোরাম এর একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নেতৃবৃন্দ বলেন, কন্টেইনার ও যানবাহনে ইলেক্ট্রনিক সীল ব্যবহারে যেমন আমদানি ও রপ্তানি ব্যয় বৃদ্ধি পাবে, তেমনি ইলেক্ট্রনিক সীল লাগানোর জন্য যে সময় ব্যয় হবে তাতে বন্দরে কন্টেইনার হ্যান্ডলিং কার্যক্রমে মারাত্মক ব্যাঘাত ঘটবে ও কন্টেইনার জট সৃষ্টি হবে। আরো আলোচিত হয় যে, প্রতিটি আমদানি কন্টেইনারে রপ্তানিকারীর বন্দর থেকে বুলেট সীল লাগানো হয়, যা যাচাই করে পণ্য খালাস নেয়া হয়। আবার প্রতিটি রপ্তানি কন্টেইনারে অফডক থেকে বুলেট সীল লাগানো হয়, যা যাচাই করে বিদেশের আমদানিকারক সে দেশে পণ্য গ্রহণ করেন। তাছাড়া চট্টগ্রামে অফডক কার্যক্রম শুরু পর থেকে অদ্যাবধি চট্টগ্রাম বন্দর থেকে অফডক সমূহের মধ্যবর্তী স্থানে কোন ধরনের রাজস্ব ফাঁকি বা পণ্য চুরির ঘটনা ঘটেনি। সুতরাং ইলেক্ট্রনিক সীল লাগানোর বিষয়টি অপ্রয়োজনীয় ও বৈষম্যমূলক। আলোচনাক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়, বন্দর ব্যবহারকারীগণ তথা আমদানি ও রপ্তানিকারকগণ পণ্যবাহী কন্টেইনার ও যানবাহনে ইলেক্ট্রনিক সীল ব্যবহার করবেন না বা এর বিপরীতে কোন ফিস পরিশোধ করবেন না।

যেহেতু, পণ্যবাহী কন্টেইনার ও যানবাহনে ইলেক্ট্রনিক সীলের বিপরীতে আমদানি ও রপ্তানিকারকগণ কোন ফিস পরিশোধ করবেন না সেহেতু, তাঁদের পক্ষ হয়ে ইলেক্ট্রনিক সীল এর বিপরীতে কোন ফিস পরিশোধ করা থেকে বিরত থাকার জন্য সকল সম্মানিত সদস্য/সদস্যাদের অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং

এজেন্টস্ এসোসিয়েশন